গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
**www.lawjusticediv.gov.bd**

নং-৯১২ - বিচার-৩/২এম-৩/২০০৮, তারিখঃ ১৫/০২/১৬

## অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, অতিঃ জেলা ও দায়রা জজ, অতিঃ মহানগর দায়রা জজ, যুগ্ম-জেলা ও দায়রা জজ, যুগ্ম-মহানগর দায়রা জজ, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, অতিঃ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, অতিঃ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ এবং প্রেষণে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ মন্ত্রণালয়ে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা, ভ্যাকেশন ছুটি ও ভাতা, পোষাক ভাতা, বিদেশ ভ্রমন এবং শিক্ষা ছুটিসহ বিভিন্ন বিষয়ে আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করেন না এবং অর্জিত ছুটির ক্ষেত্রে ছুটি প্রাপ্যতার প্রতিবেদনে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ ও স্বাক্ষর ব্যতীত আবেদন পত্র প্রেরণ করেন, যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী। তাছাড়াও শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের ক্ষেত্রে সর্বশেষ ভোগকৃত শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের কপি আবেদনের সাথে সংযুক্ত করেন না। ইতোপূর্বে এতদসংক্রান্তে অত্র বিভাগের ০৪/১২/২০১২ খ্রিঃ তারিখের ৭৩৮-বিচার-৩/২এম-৩/২০০৮ নং স্মারকমূলে অফিস আদেশ জারী করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার পরও উক্ত আদেশ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না।

২। জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসহ ক্ষেত্রমতে দাপ্তরিক প্রধানগণ এর অনুপস্থিতকালীন তাঁদের অধীনস্থ কর্মকর্তাগণ যখন নিজ দায়িত্বের অতিরিক্ত উক্ত পদসমূহের ভারপ্রাপ্ত দায়িত্বে থাকেন তখন তাঁদের মূল পদবী ব্যবহার না করে অতিরিক্ত ভারপ্রাপ্ত পদবী উল্লেখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত সরাসরি মন্ত্রণালয়ে আর্থিক, বিচারিক ও প্রশাসনিক ক্ষমতা প্রদানের নিমিত্ত আবেদন পত্রসহ অন্যান্য আবেদন প্রেরণ করে থাকেন। যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী এবং এতে করে উক্ত বিষয়টি নিস্পত্তি করতে মন্ত্রণালয়ের প্রশাসনিক কাজের নানাবিধ জটিলতার সৃষ্টি হয়।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদনের সাথে সর্বশেষ ভোগকৃত শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের কপি প্রেরন, অর্জিত ছুটি মঞ্জুরের আবেদনের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ ও স্বাক্ষরসহ ছুটি প্রাপ্যতার প্রতিবেদন প্রেরন এবং অতিরিক্ত ভারপ্রাপ্ত দায়িত্বে থাকাকালীন মূল পদবী উল্লেখ পূর্বক সকল ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হল। অন্যথায় দাখিলী আবেদনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫/০২/১৬
( মোঃ মাহবুবার রহমান সরকার )
উপ-সচিব (প্রশাসন-১)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,
**আপনার অধীনস্থ সকল কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।**

২। সচিব/যুগ্ম-সচিব/মহাপরিদর্শক,নিবন্ধন/পরিচালক/বিচারক/বিশেষ জজ/চেয়ারম্যান/সদস্য/ আইন কর্মকর্তা,

৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
**আপনার অধীনস্থ সকল কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।**

৪।

নং-৯১২ -/১(৭) বিচার-৩/২এম-৩/২০০৮, তারিখঃ ১৫/০২/১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। যুগ্ম-সচিব(প্রশাসন-১/২), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। উপ-সচিব(প্রশাসন-১/২), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সিনিয়র সহকারী সচিব-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। আই,সি,টি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

১৫/০২/২০১৬
( মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।